

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
জেলা সমাজসেবা কার্যালয়, কুড়িগ্রাম
www.dss.kurigram.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.৪৯০০.০০০.১৬.০৯৫.২৪.৬৩২

তারিখ: ২৪ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
০৯ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: ক্যান্সার, কিডনী, লিভারসিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ ও থ্যালাসেমিয়া রোগে আক্রান্ত রোগীদের হিসাব খোলা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, সমাজকল্যাণ মন্ত্রণালয়াদীন সমাজসেবা অধিদপ্তরের সামাজিক নিরাপত্তা শাখা হতে ক্যান্সার, কিডনী, লিভারসিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ ও থ্যালাসেমিয়া রোগে আক্রান্ত রোগীদের আর্থিক সহায়তা কর্মসূচি হতে সংশ্লিষ্ট রোগীর আবেদনের প্রেক্ষিতে এককালীন ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা অনুদান প্রদানের লক্ষ্যে সমাজসেবা অধিদপ্তরের নির্ধারিত অনলাইনে আবেদন করার নির্দেশনা রয়েছে। সে পরিপ্রেক্ষিতে মন্ত্রণালয় এর ২৯ অক্টোবর ২০১৯ খ্রি. তারিখে প্রকাশিত অতিরিক্ত সংখ্যা গেজেটের অনুচ্ছেদের ১২এর ৬নং ক্রমিকে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী ১০ (দশ) টাকা জামানত দিয়ে সোনালী ব্যাংকে একটি সম্বন্ধী হিসাব খোলার বিধান রয়েছে। সংশ্লিষ্ট রোগের ডাক্তার কর্তৃক প্রত্যয়ন সাপেক্ষে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

সংযুক্ত: সংশ্লিষ্ট গেজেট ০২ পাতা



০৯-১০-২০২৪
মুহঃ হুমায়ুন কবির
উপ পরিচালক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। এ্যাসিস্টেন্ট জেনারেল ম্যানেজার,, সোনালী ব্যাংক লিমিটেড (পিএলসি), কুড়িগ্রাম। এবং
- ২। ম্যানেজার, সোনালী ব্যাংক লিমিটেড (পিএলসি), কুড়িগ্রাম সদর/রাজারহাট/উলিপুর/ চিলমারী/রৌমারী/চর রাজিবপুর/ফুলবাড়ী/নাগেশ্বরী/ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম।

স্মারক নম্বর: ৪১.০১.৪৯০০.০০০.১৬.০৯৫.২৪.৬৩২/১(৪)

তারিখ: ২৪ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
০৯ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, কুড়িগ্রাম;
- ২। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর;
- ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম এবং
- ৪। উপজেলা সমাজসেবা অফিসার (সকল), কুড়িগ্রাম।



সকল সংযুক্তিসমূহ:
(১) গেজেট

০৯-১০-২০২৪
মুহঃ হুমায়ুন কবির
উপ পরিচালক